বাংলাদেশ কৃষি ব্যাংক
প্রধান কার্যালয়
কৃষি ব্যাংক ভবন
৮৩-৮৫, মতিঝিল বা/এ, ঢাকা-১০০০

ফোন ঃ ৯৫৫৬৯৩১
৯৫৬০০২১-২৫
৯৫৬০০৩১-৩৫
e-mail : dgmaccounts1@krishibank.org.bd

## কেন্দ্রীয় হিসাব বিভাগ

হিসাব পরিপত্র নং-২২/২০১৯ তারিখঃ ১৮.১২.২০১৯

১। মহাব্যবস্থাপক, স্থানীয় মুখ্য কার্যালয়
২। মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপক, সকল মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক কার্যালয়
৩। উপ-মহাব্যবস্থাপক, সকল কর্পোরেট শাখা
৪। আঞ্চলিক নিরীক্ষা কর্মকর্তা, সকল আঞ্চলিক নিরীক্ষা কার্যালয়
৫। সকল শাখা ব্যবস্থাপক **(মুখ্য আঞ্চলিক/ আঞ্চলিক কার্যালয়ের মাধ্যমে)**
বাংলাদেশ কৃষি ব্যাংক

বিষয় ঃ বাংলাদেশ ব্যাংক, ব্যাংকিং প্রবিধি ও নীতি বিভাগের ১৬.০৫.২০১৯ তারিখের বিআরপিডি সার্কুলার নং ০৫ ও তদসংশ্লিষ্ট সার্কুলার লেটারসমূহ মোতাবেক ঋণ পুনঃতফশীল ও এককালীন এক্সিট সংক্রান্ত বিশেষ নীতিমালা বাস্তবায়নের লক্ষ্যে এতদসংক্রান্ত সুবিধা সংশ্লিষ্ট ঋণ হিসাবসমূহের হিসাবায়ন পদ্ধতি প্রসংগে।

শিরোনামাধীন বিষয়ে অত্র ব্যাংকের ক্রেডিট বিভাগ-১ থেকে জারীকৃত ১৯.০৫.২০১৯ তারিখের পরিকল্পনা ও পরিচালন পরিপত্র নং-১২/২০১৯ এর মাধ্যমে পৃষ্ঠাঙ্কনকৃত বাংলাদেশ ব্যাংক, ব্যাংকিং প্রবিধি ও নীতি বিভাগের ১৬.০৫.২০১৯ তারিখের বিআরপিডি সার্কুলার নং ০৫ ও পরবর্তীতে বাংলাদেশ ব্যাংক থেকে জারীকৃত তদসংশ্লিষ্ট সার্কুলার লেটারসমূহের প্রতি এবং অত্র ব্যাংক থেকে জারীকৃত এতদসংশ্লিষ্ট পরিপত্র/পত্রাদির প্রতি দৃষ্টি আকর্ষণ করা যাচেছ।

২। বাংলাদেশ ব্যাংকের বর্ণিত পরিপত্রের অনুচেছদ নং ২(ক, খ, ঙ, চ), ৩(ক, খ, ঘ, ঙ) ও ৬(ঘ) এর আওতায় আবেদনকৃত/সুবিধাভোগী পুনঃতফশিলকৃত ঋণ হিসাবসমূহ এবং এককালীন এক্সিট ঋণ হিসাবসমূহের ক্ষেত্রে নিম্মোক্ত পর্যায়ক্রমিক ধারাবাহিক হিসাবায়ন ব্যবস্থা গ্রহণ করতে হবে ঃ

২.০১। ৩১.১২.২০১৮ তারিখে সুনির্দিষ্ট খাত/উপখাতের অধীন মন্দ/ক্ষতিজনক শ্রেণীকৃত ঋণসমূহের ক্ষেত্রে পুনঃতফশীল/এককালীন এক্সিট সুবিধা গ্রহণের জন্য নির্ধারিত সময়ের মধ্যে ঋণগ্রহীতার আবেদন প্রাপ্তির পর ব্যাংক কর্তৃক ৩১.১২.২০১৮ তারিখ ভিত্তিক লেজার স্থিতি এবং ৩১.১২.২০১৮ তারিখ ভিত্তিক হিসাবকৃত অনারোপিত সুদ স্থিতি সহকারে সর্বমোট স্থিতি অনুযায়ী কার্যক্রম শুরু করতে হবে।

- বিআরপিডি সার্কুলার ৫ এর ২(খ)/৩(খ) অনুচেছদের নির্দেশনা মোতাবেক ঋণগ্রহীতার গৃহীত আবেদনপত্রের সঙ্গে ন্যূনতম ২% ডাউন পেমেন্ট নগদে গ্রহণ করতে হবে।
  - উল্লেখ্য, ৩১.১২.২০১৮ তারিখ ভিত্তিক কোন ঋণ হিসাবের লেজার স্থিতি শুন্য থাকলে ঋণ হিসাবটির হিসাবকৃত মোট অনারোপিত সুদের ন্যূনতম ২% ডাউন পেমেন্ট এর সমপরিমান অর্থ দ্বারা স্থগিত সুদরূপে ঋণ হিসাবটি ডেবিট করে পুনঃতফশীল/এককালীন এক্সিট এর আওতায় ন্যূনতম ২% ডাউন পেমেন্ট নগদে গ্রহণ করতে হবে।
- ৩১.১২.২০১৮ তারিখ ভিত্তিক হিসাবকৃত অনারোপিত সুদ স্থিতি হিসাবায়ন নয় বরং শুধুমাত্র মেমোরেন্ডম আকারে সংরক্ষন করতে হবে। ৩১.১২.২০১৮ তারিখের লেজার স্থিতির উপর ৩১.১২.২০১৮ তারিখ পর্যন্ত হিসাবকৃত অনারোপিত সুদ দ্বারা তাৎক্ষনিক লেজার স্থিতি বৃদ্ধি করা যাবে না, অর্থ্যাৎ হিসাবকৃত অনারোপিত সুদ হিসাবায়ন করা যাবে না।
  - ম্যানুয়াল শাখার ক্ষেত্রে ঋণগ্রহীতার সংশ্লিষ্ট ফলিওতে **"৩১.১২.২০১৮ তারিখ ভিত্তিক হিসাবকৃত অনারোপিত সুদ স্থিতি"** লিখে ৩১.১২.২০১৮ তারিখ ভিত্তিক হিসাবকৃত অনারোপিত সুদ স্থিতি মেমোরেন্ডম আকারে সংরক্ষন করতে হবে।
  - অফলাইন ও অনলাইন শাখার ক্ষেত্রে আইসিটি বিভাগের সহায়তা নেয়ার মাধ্যমে ঋণগ্রহীতার সংশ্লিষ্ট ফলিওর লিঙ্কেজ মেমোরেন্ডম তৈরীর মাধ্যমে **"৩১.১২.২০১৮ তারিখ ভিত্তিক হিসাবকৃত অনারোপিত সুদ স্থিতি"** লিখে ৩১.১২.২০১৮ তারিখ ভিত্তিক হিসাবকৃত অনারোপিত সুদ স্থিতি মোমোরেন্ডম আকারে সংরক্ষন করতে হবে।
- ম্যানুয়াল, অফলাইন ও অনলাইন সকল শাখার ক্ষেত্রে ৩১.১২.২০১৮ তারিখ ভিত্তিক হিসাবকৃত অনারোপিত সুদ স্থিতি **ভিন্ন লেজারে** মেমোরেন্ডম আকারে সংরক্ষন করতে হবে।

২.০২। ম্যানুয়াল, অফলাইন ও অনলাইন নির্বিশেষে সকল শাখাকে পরিশিষ্ট-ক অনুযায়ী প্রস্তুতকৃত একটি কাঁচা রেজিষ্টারে এতদসংশ্লিষ্ট সকল ঋণের তথ্য সংরক্ষন করতে হবে। আলোচ্য সুবিধা চলাকালীন প্রতিটি পর্যায়ের (আবেদন থেকে শুরু করে ন্যূনতম ২% ডাউন পেমেন্টের তথ্যাদি, অনুমোদন ও মওকুফ সংক্রান্ত তথ্যাদি, আলোচ্য সুবিধার অধীনে মওকুফ অনুমোদন শর্তাবলীর আওতায় থাকা সাপেক্ষে ঋণ হিসাবটি বন্ধ হওয়া পর্যন্ত আদায় সংক্রান্ত) তথ্যাদি বিবরণী অনুযায়ী হালনাগাদ রাখতে হবে। মূল ঋণ হিসাব লেজার ফলিওতে এবং সংরক্ষিত কাঁচা রেজিস্টারে পরস্পর কন্ট্রা ফলিও নম্বর প্রদান করতে হবে। প্রতিটি শাখা একটিমাত্র সংরক্ষিত কাঁচা রেজিস্টারে তাঁর শাখার সকল তথ্য সংরক্ষন করবে। যথাযথরূপে তথ্য সংরক্ষনের উদ্দেশ্যে প্রতিটি ঋণ হিসাবের জন্য ঋণের মেয়াদ/ধরণ/প্রকৃতি/পরিশোধ মেয়াদ/পরিশোধ পদ্ধতি ইত্যাদি বিষয়াদি বিবেচনা করতঃ শাখার রক্ষিত কাঁচা রেজিস্টারে পর্যাপ্ত পৃষ্ঠা বরাদ্দ রাখতে হবে।

চলমান পাতা-২

২.০৩। শাখা ব্যাবস্থাপক নিজ দায়িত্বে রেজিস্টারটি সংরক্ষন, হেফাজত ও পরিধারণ করবেন। শাখা ব্যাবস্থাপক বদলী হলে রেজিস্টারটি দায়িত্বভার গ্রহণকারী কর্মকর্তা/নতুন পদায়নকৃত শাখা ব্যাবস্থাপক এর নিকট হস্তান্তর করবেন। আঞ্চলিক নিরীক্ষা কর্মকর্তা প্রতিটি নিরীক্ষাকালীন সময়ে শাখায় রক্ষিত রেজিস্টারটির বাস্তব অস্তিত্ব যাচাইসহ রেজিস্টারের তথ্যাদি হালনাগাদ কিনা তা যাচাই করতঃ প্রতিটি নিরীক্ষাকালীন সময়ে রেজিস্টারের পাতায় প্রত্যয়নপূর্বক স্বাক্ষর করবেন।

২.০৪। পুনঃতফশীল/এককালীন এক্সিট এর আওতায় সুদ মওকুফ সুবিধাপ্রাপ্ত পৃথক পৃথক প্রতিটি ঋণ হিসাবের ক্ষেত্রে মেমোরেন্ডমে সংরক্ষিত অনারোপিত সুদের সম্পুর্ণ অংশের নিম্মোক্তভাবে মওকুফকৃত অংশ এবং অমওকুফকৃত অংশ এর বিভাজন করতে হবে (২.০১ অনুচেছদ দ্রষ্টব্য) ঃ

- **ম্যানুয়াল শাখার** ক্ষেত্রে ঋণগ্রহীতার সংশ্লিষ্ট ঋণ ফলিওতে **"৩১.১২.২০১৮ তারিখ ভিত্তিক হিসাবকৃত অনারোপিত সুদ স্থিতি"** এর নীচে **"শতকরা হারসহ মওকুফকৃত সুদ"** এবং **"শতকরা হারসহ অমওকুফকৃত সুদ"** এর পরিমান লিপিবদ্ধ করতে হবে (২.০১ অনুচেছদ দ্রষ্টব্য)।
- **অফলাইন ও অনলাইন শাখার** ক্ষেত্রে আইসিটি বিভাগের সহায়তা নেয়ার মাধ্যমে ঋণগ্রহীতার সংশ্লিষ্ট ফলিওর লিঙ্কেজ মেমোরেন্ডমে **"৩১.১২.২০১৮ তারিখ ভিত্তিক হিসাবকৃত অনারোপিত সুদ স্থিতি"** এর নীচে **"শতকরা হারসহ মওকুফকৃত সুদ"** এবং **"শতকরা হারসহ অমওকুফকৃত সুদ"** এর পরিমান লিপিবদ্ধ করতে হবে (২.০১ অনুচেছদ দ্রষ্টব্য)।

২.০৫। অতঃপর পুনঃতফশীল/এককালীন এক্সিট এর আওতায় সুদ মওকুফ সুবিধাপ্রাপ্ত পৃথক পৃথক প্রতিটি ঋণ হিসাবের মেমোরেন্ডমে সংরক্ষিত **"৩১.১২.২০১৮ তারিখ ভিত্তিক হিসাবকৃত অনারোপিত সুদ স্থিতি"** এর **"অমওকুফকৃত সুদ"** এর হিসাবায়ন কার্যক্রম হবে নিম্নরূপ ঃ

২.০৫.১। **মওকুফ সুবিধাপ্রাপ্ত পুনঃতফশীল ঋণের ক্ষেত্রে ঃ**

৩১.১২.২০১৮ তারিখ পর্যন্ত হিসাবকৃত মেমোরেন্ডমে সংরক্ষিত **অনারোপিত সুদের মওকুফকৃত অংশ** যথারীতি মেমোরেন্ডম আকারে সংরক্ষিত থাকবে।

৩১.১২.২০১৮ তারিখ পর্যন্ত হিসাবকৃত মেমোরেন্ডমে সংরক্ষিত **অনারোপিত সুদের অমওকুফকৃত অংশের** ক্ষেত্রে হিসাবায়ন হবে নিম্নরূপ ঃ

| ডেবিট | ক্রেডিট |
|---|---|
| সংশ্লিষ্ট ঋণ হিসাব<br>(৩১.১২.২০১৮ তারিখ পর্যন্ত হিসাবকৃত অনারোপিত সুদের অমওকুফকৃত অংশ) | ৫২-স্থগিত সুদ |

**বিদ্র ঃ ৩১.১২.২০১৮ তারিখ পর্যন্ত হিসাবকৃত মেমোরেন্ডমে সংরক্ষিত অনারোপিত সুদের ১০০% মওকুফের ক্ষেত্রে হিসাবায়ন প্রযোজ্য নয়। অর্থ্যাৎ অনারোপিত সুদের ১০০% মওকুফকৃত অংশ বিধায় যথারীতি মেমোরেন্ডমে সংরক্ষিত থাকবে।**

২.০৫.২। **মওকুফ সুবিধাপ্রাপ্ত এককালীন এক্সিট ঋণের ক্ষেত্রে ঃ**

৩১.১২.২০১৮ তারিখ পর্যন্ত হিসাবকৃত মেমোরেন্ডম আকারে সংরক্ষিত **অনারোপিত সুদের মওকুফকৃত অংশ** এবং **অমওকুফকৃত অংশ অর্থ্যাৎ অনারোপিত সুদের ১০০%** যথারীতি মেমোরেন্ডমে সংরক্ষিত থাকবে।

২.০৬। **পুনঃতফশীল/এককালীন এক্সিট** এর আওতায় সুদ মওকুফ সুবিধাপ্রাপ্ত পৃথক পৃথক প্রতিটি ঋণ হিসাবের ৩১.১২.২০১৮ তারিখ পর্যন্ত **৫২-স্থগিত সুদ হিসাবে সংরক্ষিত আরোপিত সুদের মওকুফকৃত অংশ** পৃথক পৃথক সুদবিহীন ব্লক হিসাবে স্থানান্তরপূর্বক সংরক্ষণ করতে হবে। হিসাবায়ন হবে নিম্নরূপ ঃ

| ডেবিট | ক্রেডিট |
|---|---|
| সুদবিহীন ব্লকড হিসাব | সংশ্লিষ্ট ঋণ হিসাব<br>(৩১.১২.২০১৮ তারিখ পর্যন্ত ৫২-স্থগিত সুদ হিসাবে রক্ষিত আরোপিত সুদের মওকুফকৃত অংশ) |

**বিদ্র ঃ প্রতিটি ঋণ হিসাবের বাই নম্বর (......./১) দিয়ে ঋণ হিসাবটির ব্লক হিসাব খুলতে হবে। অর্থ্যাৎ প্রতিটি ঋণ হিসাবের পৃথক পৃথক ব্লক হিসাব খুলতে হবে। উদাহরন ঃ একটি ঋণের ঋণ হিসাব নম্বর ০১২৩৪৫৬ হলে ঋণ হিসাবটির ব্লক হিসাব নম্বর হবে ০১২৩৪৫৬/১।**

২.০৭। ০১.০১.২০১৯ তারিখ থেকে মওকুফ অবশিষ্ট ঋণের উপর বাংলাদেশ ব্যাংকের বর্ণিত পরিপত্রের অনুচেছদ নং ২(চ) এবং ৩(ঙ) এর নির্দেশনা অনুযায়ী সুদহার কার্যকর হবে। **অনুচেছদদ্বয়ের আলোকে অত্র ব্যাংকের প্রাসঙ্গিকতায় পুনঃতফশীল ও এককালীন এক্সিট উভয় ক্ষেত্রে ০১.০১.২০১৯ তারিখ থেকে মওকুফ অবশিষ্ট ঋণের উপর ৯% সুদহার প্রযোজ্য হবে।**

২.০৮। পুনঃতফশীলের অনুমোদন পত্রের শর্তাবলীর আওতায় অনতিবিলম্বে ঋণগ্রহীতা থেকে ঋণের কিস্তি আদায় বা এককালীন এক্সিটের অনুমোদন পত্রের শর্তাবলীর আওতায় ঋণগ্রহীতা থেকে অনতিবিলম্বে ঋণ আদায় শুরু করতে হবে।

চলমান পাতা-৩

২.০৯। **প্রকৃত আদায় ব্যতীত আরোপিত সুদ আয় খাতে নেয়া যাবে না। প্রকৃত আদায়ের সাথে সাথে সমপরিমাণ অর্থ দ্বারা ৫২-স্থগিত সুদ হিসাবের অমওকুফকৃত অংশ ডেবিট করে ৪৬/১ আয় খাতে নিতে হবে।**

২.১০। **পুনঃতফশীলের** অনুমোদন পত্রের শর্তাবলীর আওতায় ঋণগ্রহীতা থেকে সম্পূর্ন আদায় নিশ্চিত হলে মেমোরেন্ডমে রক্ষিত অনারোপিত মওকুফকৃত সুদের ও ব্লকড হিসাবে রক্ষিত আরোপিত মওকুফকৃত সুদের হিসাবায়ন কার্যক্রম হবে নিম্নরূপ ঃ

**২.১০.১। পুনঃতফশীলের আওতায় মেমোরেন্ডমে রক্ষিত অনারোপিত মওকুফকৃত সুদের ক্ষেত্রে (অভ্যন্তরীণ ভুক্তির মাধ্যমে সমন্বয়ের জন্য) ঃ**

| ডেবিট | ক্রেডিট |
|---|---|
| সংশ্লিষ্ট ঋণ হিসাব (৩১.১২.২০১৮ তারিখ পর্যন্ত হিসাবকৃত মেমোরেন্ডমে রক্ষিত অনারোপিত সুদের মওকুফকৃত অংশ) | ৫২-স্থগিত সুদ |
| ৫২-স্থগিত সুদ | সংশ্লিষ্ট ঋণ হিসাব (৩১.১২.২০১৮ তারিখ পর্যন্ত হিসাবকৃত মেমোরেন্ডমে রক্ষিত অনারোপিত সুদের মওকুফকৃত অংশ) |

**২.১০.২। পুনঃতফশীলের আওতায় সুদবিহীন ব্লকড হিসাবে রক্ষিত আরোপিত মওকুফকৃত সুদের ক্ষেত্রে ঃ**

| ডেবিট | ক্রেডিট |
|---|---|
| সংশ্লিষ্ট ঋণ হিসাব (৩১.১২.২০১৮ তারিখ পর্যন্ত ৫২-স্থগিত সুদ হিসাবে রক্ষিত আরোপিত সুদের মওকুফকৃত অংশ) | সুদবিহীন ব্লকড হিসাব |
| ৫২-স্থগিত হিসাব | সংশ্লিষ্ট ঋণ হিসাব (৩১.১২.২০১৮ তারিখ পর্যন্ত ৫২-স্থগিত সুদ হিসাবে রক্ষিত আরোপিত সুদের মওকুফকৃত অংশ) |

২.১১। **এককালীন এক্সিটের** অনুমোদন পত্রের শর্তাবলীর আওতায় **সম্পূর্ন আদায় নিশ্চিত হবে; ঋণগ্রহীতা থেকে এমর্মে সিদ্ধান্ত পাওয়া গেলে** মেমোরেন্ডমে রক্ষিত অনারোপিত অমওকুফকৃত সুদের, মেমোরেন্ডমে রক্ষিত অনারোপিত মওকুফকৃত সুদের ও ব্লকড হিসাবে রক্ষিত আরোপিত মওকুফকৃত সুদের হিসাবায়ন কার্যক্রম হবে নিম্নরূপ ঃ

**২.১১.১। এককালীন এক্সিটের আওতায় মেমোরেন্ডমে রক্ষিত অনারোপিত অমওকুফকৃত সুদের ক্ষেত্রে ঃ**

| ডেবিট | ক্রেডিট |
|---|---|
| সংশ্লিষ্ট ঋণ হিসাব (৩১.১২.২০১৮ তারিখ পর্যন্ত হিসাবকৃত অনারোপিত সুদের অমওকুফকৃত অংশ) | ৫২-স্থগিত সুদ |

**বিদ্রঃ অতঃপর এককালীন এক্সিটের অনুমোদন পত্রের শর্তাবলীর আওতায় ঋণগ্রহীতা থেকে সম্পূর্ন আদায় নিশ্চিত সাপেক্ষে নিম্নবর্ণিত মওকুফকৃত সুদের হিসাবায়ন করতে হবে।**

**২.১১.২। এককালীন এক্সিটের আওতায় মেমোরেন্ডমে রক্ষিত অনারোপিত মওকুফকৃত সুদের ক্ষেত্রে (অভ্যন্তরীণ ভুক্তির মাধ্যমে সমন্বয়ের জন্য) ঃ**

| ডেবিট | ক্রেডিট |
|---|---|
| সংশ্লিষ্ট ঋণ হিসাব (৩১.১২.২০১৮ তারিখ পর্যন্ত হিসাবকৃত মেমোরেন্ডমে রক্ষিত অনারোপিত সুদের মওকুফকৃত অংশ) | ৫২-স্থগিত সুদ |
| ৫২-স্থগিত সুদ | সংশ্লিষ্ট ঋণ হিসাব (৩১.১২.২০১৮ তারিখ পর্যন্ত হিসাবকৃত মেমোরেন্ডমে রক্ষিত অনারোপিত সুদের মওকুফকৃত অংশ) |

**২.১১.৩। এককালীন এক্সিটের আওতায় সুদবিহীন ব্লকড হিসাবে রক্ষিত আরোপিত মওকুফকৃত সুদের ক্ষেত্রে ঃ**

| ডেবিট | ক্রেডিট |
|---|---|
| সংশ্লিষ্ট ঋণ হিসাব (৩১.১২.২০১৮ তারিখ পর্যন্ত ৫২-স্থগিত সুদ হিসাবে রক্ষিত আরোপিত সুদের মওকুফকৃত অংশ) | সুদবিহীন ব্লকড হিসাব |
| ৫২-স্থগিত হিসাব | সংশ্লিষ্ট ঋণ হিসাব (৩১.১২.২০১৮ তারিখ পর্যন্ত ৫২-স্থগিত সুদ হিসাবে রক্ষিত আরোপিত সুদের মওকুফকৃত অংশ) |

চলমান পাতা-৪

২.১২। পুনঃতফশীল/এককালীন এক্সিট এর অধীন ঋণ হিসাবের সুদ মওকুফ অনুমোদন পত্রের শর্তাবলীর আওতায় সুবিধাপ্রাপ্ত ঋণগ্রহীতা সুদ মওকুফ সুবিধা গ্রহণে ব্যর্থ হলে ৩১.১২.২০১৮ তারিখ পর্যন্ত হিসাবকৃত অনারোপিত সুদের ঋণ হিসাবে হিসাবায়নকৃত অমওকুফকৃত অংশ রিভার্স করতে হবে। হিসাবায়ন হবে নিম্নরূপ ঃ

| ডেবিট | ক্রেডিট |
|---|---|
| ৫২-স্থগিত সুদ | সংশ্লিষ্ট ঋণ হিসাব<br>(৩১.১২.২০১৮ তারিখ পর্যন্ত হিসাবকৃত অনারোপিত সুদের হিসাবায়নকৃত অমওকুফকৃত অংশ) |

**বিদ্রঃ অর্থ্যাৎ ঋণগ্রহীতা সুদ মওকুফ সুবিধা গ্রহণে ব্যর্থ হলে ৩১.১২.২০১৮ তারিখের তুলনায় লেজার স্থিতি বৃদ্ধি করা যাবে না।**

৩। এ নির্দেশনা অবিলম্বে কার্যকর হবে।

৪। প্রয়োজনে বিভাগের ডাটা এন্ট্রি সুপারভাইজার জনাব মোঃ ফয়সাল হোসেন নিপু এর সাথে যোগাযোগ করার জন্য পরামর্শ প্রদান করা হলো **(মোবাইলঃ ০১৯১১-৯৯২২৩৩)**।

অনুমোদনক্রমে-

সংযুক্তঃ বর্ণনামতে

১৮/১২/২০১৯

(পারভীন আকতার)
মহাব্যবস্থাপক

নং-প্রকা/হিসাব(শাখা-১)/১(২০)/২০১৯-২০/৫৬৮(১২৫০) তারিখঃ ১৮.১২.২০১৯

**সদয় জ্ঞাতার্থে ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণার্থে অনুলিপি প্রেরণ করা হলো ঃ**

০১। চীফ ষ্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রকা, ঢাকা।
০২। ষ্টাফ অফিসার, উপ-ব্যবস্থাপনা পরিচালক-১, ২ ও ৩ মহোদয়ের দপ্তর, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রকা, ঢাকা।
০৩। ষ্টাফ অফিসার, সকল মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর/অধ্যক্ষ, ষ্টাফ কলেজ, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রকা, ঢাকা।
০৪। ষ্টাফ অফিসার, সকল মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর, বিভাগীয় কার্যালয়সমূহ, বাংলাদেশ কৃষি ব্যাংক।
০৫। সকল বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা, বিভাগীয় নিরীক্ষা কার্যালয়সমূহ, বাংলাদেশ কৃষি ব্যাংক।
০৬। সকল উপমহাব্যবস্থাপক/সচিব, প্রকা/স্থানীয় মুখ্য কার্যালয়, বাংলাদেশ কৃষি ব্যাংক, ঢাকা।
০৭। **উপমহাব্যবস্থাপক, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ, বিকেবি, প্রকা, ঢাকা'কে পত্রটি ব্যাংকের ওয়েবসাইটে আপলোড করার জন্য অনুরোধ করা হলো এবং অফলাইন এবং অনলাইন শাখার ক্ষেত্রে সংশ্লিষ্ট ঋণ হিসাবে নিক্কেজড মেমোরেন্ডমের ও ব্লক হিসাবের ব্যবস্থা করার জন্য অনুরোধ করা হলো।**
০৮। নথি/মহানথি।

(বেলাল আহমেদ)
উপ-মহাব্যবস্থাপক

বাংলাদেশ কৃষি ব্যাংক
শাখার নাম ঃ
মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক কার্যালয়ের নাম ঃ

**বিআরপিডি-০৫, তারিখ ১৬.০৫.২০১৯ অনুযায়ী পুনঃতফসিলের আওতায় সুদ মওকুফ সুবিধা প্রদানকৃত ঋণের তথ্য রেজিষ্টার**

০১। ঋণগ্রহীতা ব্যক্তি/প্রতিষ্ঠানের নাম, ঠিকানা ও ফোন নম্বর ঃ

০২। ঋণ ফলিও নং ঃ

০৩। ঋণ হিসাব নং ঃ

০৪। শাখা থেকে মওকুফ অনুমোদন প্রেরণের তারিখ ও প্রস্তাব নং ঃ

০৫। মওকুফ অনুমোদন কার্যালয় (বিকা/প্রকা), অনুমোদনের তারিখ ও পত্র নং ঃ

০৬। ঋণ বিতরণের তারিখ ঃ

০৭। বিতরণকৃত ঋণের পরিমান/আসল ঃ

০৮। ৩১.১২.২০১৮ তারিখ পর্যন্ত আরোপিত সুদ ঃ

০৯। ৩১.১২.২০১৮ তারিখ পর্যন্ত আরোপিত সুদের মধ্যে আয়খাতে স্থানান্তরিত ঃ

১০। ৩১.১২.২০১৮ তারিখ পর্যন্ত আরোপিত সুদের মধ্যে ৫২-স্থগিত সুদখাতে স্থানান্তরিত ঃ

১১। ৩১.১২.২০১৮ তারিখ পর্যন্ত আরোপিত ৫২-স্থগিত সুদের স্থিতি ঃ

১২। ৩১.১২.২০১৮ তারিখ পর্যন্ত আরোপিত অন্যান্য চার্জ ঃ

১৩। ৩১.১২.২০১৮ তারিখ পর্যন্ত মোট পরিশোধ ঃ

১৪। ৩১.১২.২০১৮ তারিখ পর্যন্ত মোট পাওনা/লেজার স্থিতি ঃ

১৫। ৩১.১২.২০১৮ তারিখ পর্যন্ত অনারোপিত সুদ ঃ

১৬। ৩১.১২.২০১৮ তারিখ পর্যন্ত অনারোপিত সুদসহ মোট পাওনা ঃ

১৭। বিআরপিডি-৫ এর আওতায় ডাউন পেমেন্ট (ন্যুনতম ২%) গ্রহণের তারিখ ও পরিমান ঃ

১৮। ৩১.১২.২০১৮ তারিখ পর্যন্ত ৫২-স্থগিত খাতের আরোপিত সুদ স্থিতির মওকুফের হার ও পরিমান ঃ

১৯। ৩১.১২.২০১৮ তারিখ পর্যন্ত অনারোপিত সুদ স্থিতির মওকুফের হার ও পরিমান ঃ

২০। মওকুফোত্তর পুনঃতফসিলকৃতের আওতায় মোট পাওনা (আসল + আরোপিত সুদ + অনারোপিত সুদ + অন্যান্য) ঃ

২১। মওকুফোত্তর পুনঃতফসিলকৃতের আওতায় পরিশোধের নির্ধারিত সময়সীমা (মাসিক/ত্রৈমাসিক কিস্তি), কিস্তির সংখ্যা ও সর্বশেষ কিস্তির তারিখ ঃ

২২। মওকুফোত্তর পুনঃতফসিলের আওতায় পরিশোধসূচী অনুযায়ী মোট পাওনার অধীন কিস্তি পরিশোধের তারিখ ও পরিমান ঃ

| ক্রমিক | কিস্তির | | প্রকৃত পরিশোধের | | পুঞ্জিভূত আদায় | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|
| | তারিখ | পরিমান | তারিখ | পরিমান | | |
| | | | | | | |
| | | | | | | |
| | | | | | | |
| | | | | | | |

২৩। মওকুফোত্তর মওকুফের আওতায় পুনঃতফসিলকৃত ঋণটির মোট আদায় ও হিসাবটি বন্ধ হবার তারিখ ঃ

২৪। মওকুফোত্তর মওকুফের আওতায় পুনঃতফসিলকৃত ঋণটির মওকুফকৃত সুদ (সুদবিহীন ব্লক হিসাবে সংরক্ষিত আরোপিত সুদ ও মেমোরেন্ডমে সংরক্ষিত অনারোপিত সুদ) সমন্বয় করা হয়েছে কিনা ঃ

বাংলাদেশ কৃষি ব্যাংক
শাখার নাম ঃ
মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক কার্যালয়ের নাম ঃ

**বিআরপিডি-০৫, তারিখ ১৬.০৫.২০১৯ অনুযায়ী এককালীন এক্সিটের আওতায় সুদ মওকুফ সুবিধা প্রদানকৃত ঋণের তথ্য রেজিষ্টার**

০১। ঋণগ্রহীতা ব্যক্তি/প্রতিষ্ঠানের নাম, ঠিকানা ও ফোন নম্বর ঃ

০২। ঋণ ফলিও নং ঃ

০৩। ঋণ হিসাব নং ঃ

০৪। শাখা থেকে মওকুফ অনুমোদন প্রেরণের তারিখ ও প্রস্তাব নং ঃ

০৫। মওকুফ অনুমোদন কার্যালয় (বিকা/প্রকা), অনুমোদনের তারিখ ও পত্র নং ঃ

০৬। ঋণ বিতরণের তারিখ ঃ

০৭। বিতরণকৃত ঋণের পরিমান/আসল ঃ

০৮। ৩১.১২.২০১৮ তারিখ পর্যন্ত আরোপিত সুদ ঃ

০৯। ৩১.১২.২০১৮ তারিখ পর্যন্ত আরোপিত সুদের মধ্যে আয়খাতে স্থানান্তরিত ঃ

১০। ৩১.১২.২০১৮ তারিখ পর্যন্ত আরোপিত সুদের মধ্যে ৫২-স্থগিত সুদখাতে স্থানান্তরিত ঃ

১১। ৩১.১২.২০১৮ তারিখ পর্যন্ত আরোপিত ৫২-স্থগিত সুদের স্থিতি ঃ

১২। ৩১.১২.২০১৮ তারিখ পর্যন্ত আরোপিত অন্যান্য চার্জ ঃ

১৩। ৩১.১২.২০১৮ তারিখ পর্যন্ত মোট পরিশোধ ঃ

১৪। ৩১.১২.২০১৮ তারিখ পর্যন্ত মোট পাওনা/লেজার স্থিতি ঃ

১৫। ৩১.১২.২০১৮ তারিখ পর্যন্ত অনারোপিত সুদ ঃ

১৬। ৩১.১২.২০১৮ তারিখ পর্যন্ত অনারোপিত সুদসহ মোট পাওনা ঃ

১৭। বিআরপিডি-৫ এর আওতায় ডাউন পেমেন্ট (ন্যুনতম ২%) গ্রহণের তারিখ ও পরিমান ঃ

১৮। ৩১.১২.২০১৮ তারিখ পর্যন্ত ৫২-স্থগিত খাতের আরোপিত সুদ স্থিতির মওকুফের হার ও পরিমান ঃ

১৯। ৩১.১২.২০১৮ তারিখ পর্যন্ত অনারোপিত সুদ স্থিতির মওকুফের হার ও পরিমান ঃ

২০। মওকুফোত্তর এককালীন এক্সিটের আওতায় মোট পাওনা (আসল + আরোপিত সুদ + অনারোপিত সুদ + অন্যান্য) ঃ

২১। মওকুফোত্তর এককালীন এক্সিটকৃতের আওতায় পরিশোধের নির্ধারিত সময়সীমা ঃ

২২। মওকুফোত্তর এককালীন এক্সিটের আওতায় মোট পাওনা পরিশোধের তারিখ ও পরিমান ঃ

| ক্রমিক | পরিশোধের | | পুঞ্জিভুত আদায় | মন্তব্য |
|---|---|---|---|---|
| | তারিখ | পরিমান | | |
| | | | | |
| | | | | |
| | | | | |
| | | | | |

২৩। মওকুফোত্তর মওকুফের আওতায় এককালীন এক্সিটকৃত ঋণটির মোট আদায় ও হিসাবটি বন্ধ হবার তারিখ ঃ

২৪। মওকুফোত্তর মওকুফের আওতায় এককালীন এক্সিটকৃত ঋণটির মওকুফকৃত সুদ (সুদবিহীন ব্লক হিসাবে সংরক্ষিত আরোপিত সুদ ও মেমোরেন্ডমে সংরক্ষিত অনারোপিত সুদ) সমন্বয় করা হয়েছে কিনা ঃ